সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১৭ই পৌষ বুধবার, ১৩২৫ সাল।

## আমাদের দুর্দ্দশা।

যে কাল ইনফ্লুয়েঞ্জা দেশকে ছারখার করিতেছে, সেই করাল ব্যাধি আমরাই বা অতিক্রম করিব কেন? আমাদের ছাপাখানার কর্ম্মচারীগণ পুনঃপুনঃ পীড়িত হওয়ায় সময় মত কাগজ ছাপা দূরে থাক কাগজ বন্ধ হইবার উপক্রম হইয়াছে। গত সপ্তাহে আমরা বহু চেষ্টা করিয়াও কাগজ ছাপাইতে পারি নাই। এরূ কলিকাতা ভিন্ন মফঃস্বলে ছাপাখানার কাজ জানা লোক পাওয়া যায় না। যাহা হউক আমাদের এই দুঃসময়ে

**নিমতিতার জমিদার মহেন্দ্র বাবু**

তাঁহার প্রেসের একজন প্রেসম্যান পাঠাইয়া আমাদের যথেষ্ট উপকার করিয়াছেন, তাঁহার কল্যাণেই আমরা এ সপ্তাহে কাগজ প্রকাশ করিতে পারিলাম। গ্রাহকগণ এই মহামারীর সময় আমাদের ত্রুটী মার্জ্জনা করিতে কার্পণ্য করিবেন না। ইহাই আমাদের প্রার্থনা।

---

## বাঙ্গালার স্বাস্থ্য।

(সত্য সমাচার হইতে।)

—০—

বাঙ্গালী এত ক্ষীণ, দুর্ব্বল ও অবসন্ন কেন?

### লাটের বক্তৃতা।

(পূর্ব্ব প্রকাশিতের পর।)

### 'হুক ওয়ারম্' বা বক্রমুখ ক্রিমি।

আর একটী প্রয়োজনীয় ব্যাপারে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করিতেছি। এ সম্বন্ধে আমি গত ২১শে সেপ্টেম্বর তারিখে স্যানিটারী বোর্ডের চেয়ারম্যানকে সম্বোধন করিয়া এক পত্র লিখিয়াছিলাম। সেই পত্রে আমি যাহা লিখিয়াছিলাম তাহার মর্ম্ম এইঃ—

### লাট বাহাদুরের চিঠি।

এই প্রেসিডেন্সীর সাধারণের স্বাস্থ্যের উন্নতিবিধানের জন্য যে যে উপায় অবলম্বন করা আবশ্যক, আমি কিছুকাল ধরিয়া তাহাদের দোষগুণ বিচার করিয়া দেখিবার চেষ্টা করিতেছি। যেসকল নিবারণযোগ্য প্রধান প্রধান পীড়া সাধারণের মধ্যে দেখা যায়, স্বভাবতঃ সেই সমস্ত পীড়াসম্বন্ধে, আমার এই অনুসন্ধানের সময়, আলোচনা করিয়া দেখিতে হইয়াছে। ইহাদের মধ্যে যে পীড়ার প্রসার সর্ব্বাপেক্ষা অধিক বলিয়া মনে হয়, তাহা এই ক্রিমির আক্রমণ হইতে উৎপন্ন। ডাক্তারেরা ইহাকে এঙ্কিলষ্টোমিয়াসিস্ (Ankylostomiasis) বলেন। এই রোগের আবার রকম এই যে সাধারণ লোকের কাছে এমন কি এই রোগে যাহারা ভুগিতেছে তাহাদের কাছেও ইহা ধরা পড়ে না। বস্তুতঃ চিকিৎসাব্যবসায়িগণ ব্যতীত এমন লোক অধিক আছেন কিনা সন্দেহ যাঁহারা এই পীড়ার অস্তিত্বের বিষয় অবগত আছেন। তথাপি এরূপ মনে করিবার যথেষ্ট কারণ আছে যে, দেশের অধিকাংশ লোক এই রোগে আক্রান্ত হইয়া থাকে। আমরা এ পর্য্যন্ত যতদূর জানিতে পারিয়াছি তাহাতে দেখা যায় যে, গ্রীষ্মণ্ডলে বা তাহার কাছাকাছি যে সমস্ত দেশ অবস্থিত প্রায় সেই সকল দেশেই এই পীড়া হয়। রক্‌ফেলার ফাউণ্ডেশনের বৃত্তির সাহায্যে যে সার্ব্বজাতিক স্বাস্থ্য বোর্ডের কার্য্য চলিতেছে, সম্প্রতি উহার বিশেষ দৃষ্টি এই পীড়ার প্রতি আকৃষ্ট হইয়াছে। কিছুদিন পূর্ব্বে বোর্ড যে বিবরণ দিয়াছিলেন তাহা হইতে দেখা যায় যে, যে সকল দেশে বোর্ডের কার্য্য চলিয়াছিল সেই সকল দেশে, কোনরূপ বাছাই না করিয়া, যাহাকে পাওয়া গিয়াছে তাহাকেই ধরিয়া অনুবীক্ষণ যন্ত্রের সাহায্যে পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে ১৪,৩৩,০৫১ জন লোকের মধ্যে ৫,২৬,৭৮৪ অর্থাৎ শতকরা প্রায় ৩৬ জন লোকের এই পীড়া হইয়াছিল। ভারতবর্ষে চিকিৎসাব্যবসায়ী ও দেশের স্বাস্থ্যের উন্নতিবিষয়ে মনোযোগী ব্যক্তিদিগের মধ্যেও এ বিষয়ের আলোচনা এ পর্য্যন্ত কেবল ছাড়া ছাড়া ভাবেই হইয়াছে। ১৮৯৪ খৃষ্টাব্দে কলিকাতায় যে প্রথম ইণ্ডিয়ান মেডিক্যাল কংগ্রেস হইয়াছিল, তাহাতে ইহার উল্লেখ করা হয়। সে সময় ডাক্তার হেম্যান থর্ণহিল লঙ্কাদ্বীপে হুক পোকা সম্বন্ধে যে প্রবন্ধ পাঠ করেন তাহাতে এ বিষয়টা লোকের মনে বেশ একটু লাগিয়াছিল বলিয়া বোধ হয়। তাহার কয়েক বৎসর পরে, কর্ণেল ক্যালভার্ট দ্বারভাঙ্গার জেলা সমূহে অনুসন্ধান করিয়াছিলেন; তাহার ফলে দেখা দিয়াছিল যে, জেলের শতকরা ৮৩ জন লোকের দেহে এই ক্রিমি আছে। ১৯০৪ খৃষ্টাব্দে ডাক্তার বেণ্টলি আসামে ৬০০ কুলিকে পরীক্ষা করিয়া দেখিয়াছিলেন যে, তাহাদের মধ্যে কেবল একজনের দেহে ইহা ছিল না; শব-পরীক্ষায় ৫০টি শবের প্রত্যেকটিতেই ইহা পাওয়া গিয়াছিল। ১৯১০ খৃষ্টাব্দে নাগপুরের পাগলা গারদে এই পরের দেহে পুষ্ট পোকা বিদ্যমান আছে দেখা যায়। লেপ্‌টেনেণ্ট-কর্ণেল বনাতওয়ালার পরীক্ষার ফলে গারদের অধিবাসীদের শতকরা ৩১ জনেরও উপর লোকের দেহে এই পোকা দেখা গিয়াছিল। ইহার পরেও ইণ্ডিয়ান রিসার্চ্চ ফণ্ড এসোসিয়েশনের উদ্যোগে দুইবার অনুসন্ধান হইয়াছে, একবার মান্দ্রাজের অন্তর্গত নেগাপটমের কুলিদের মধ্যে ডাক্তার ফসকার কর্ত্তৃক, এবং অপরবার দার্জ্জিলিং জেলায় লেপ্‌টেনেণ্ট কর্ণেল ক্লেটন লেন কর্ত্তৃক। এই দ্বিতীয় অনুসন্ধানের ফলে, ৩০,০০০ হাজারেরও উপর লোকের মধ্যে পীড়ার আক্রমণ দেখা গিয়াছিল। এই অনুসন্ধানের ফলের উপর নির্ভর করিয়া কর্ণেল লেন হিসাব করিয়া দেখিয়াছিলেন যে, ভারতবর্ষের সমতল প্রদেশে গ্রাম্য অঞ্চলে মোটের উপর শতকরা কম হইলেও ৮০ জনের শরীরে এই পীড়া প্রবেশ করিয়াছে ইহাই সম্ভব। এই সকল সিদ্ধান্ত এইরূপ বিস্ময়কর যে, উহা আরও পরীক্ষা করিয়া দেখা বাঞ্ছনীয় মনে হইয়াছিল, এবং ইণ্ডিয়ান রিসার্চ্চ ফণ্ড এসোসিয়েশনের নিকট আরও অর্থ সাহায্যের প্রার্থনা করা হইয়াছিল। এসোসিয়েশন এই সাহায্য করিয়াছিলেন। কার্য্যের প্রণালী সম্বন্ধে স্থির হইয়াছিল যে, সমগ্র প্রেসিডেন্সীর অন্তর্গত জেলাসমূহের অধিবাসীদের মধ্যে অনুসন্ধান করিতে হইবে। ২৬টী ভিন্ন ভিন্ন সদর জেলে, অর্থাৎ প্রকৃত প্রস্তাবে বাঙ্গালার প্রায় সমস্ত প্রধান কারাগারে অনুসন্ধান করিয়া যে ফল পাওয়া গিয়াছিল, তাহার বিবরণ আমার নিকটে রহিয়াছে। আক্রমণের সংখ্যা সকল জেলে সমান নহে; উহা কলিকাতার প্রেসিডেন্সী জেলে সর্ব্বাপেক্ষা কম, অর্থাৎ শতকরা ৪৭ হইতে হুগলির জেলে ৮৬ পর্য্যন্ত উঠিয়াছিল। ১২,৫৭০ জনের পরীক্ষা হয়, তন্মধ্যে ৮,৯৭৩ জনকে রোগী দেখা গিয়াছিল, অর্থাৎ মোটের উপর সমস্ত বাঙ্গালা প্রেসিডেন্সীর শতকরা ৭১ জন লোকের এই পীড়া আছে। এই পীড়া যে প্রসারলাভ করিয়াছে তাহা এই সংক্ষিপ্ত বিবরণ হইতে নিঃসন্দেহে জানিতে পারা যায়।

ক্রমশঃ।

---

জঙ্গিপুরের সবডিবিসন্যাল অফিসারের আদেশে মুদ্রিত।

## কাপড়ের স্থানীয় বাজার দর।

| নং | বাজারের নাম | ১০ গজি ধুতি | ৯ গজি ধুতি | ১০ গজি শাড়ী |
|---|---|---|---|---|
| ৪৬০ | জঙ্গিপুর | ৪৷০ | ৩৷০ | |
| | ধুলিয়ান | ৩৷৵১০ | | |
| | অরঙ্গাবাদ | ৩৸০ | ৩৲ | |
| ২৯৫৬ ও ২৮৫৮ | জঙ্গিপুর | ৫৷০ | | ৫৷৵০ |
| | ধুলিয়ান | ৪৷৵০ | | ৫৵০ |
| | অরঙ্গাবাদ | ৪৸০ | ৪৲ | ৫৲ |
| ৩০৩০ | জঙ্গিপুর | ৫৷৵০ | | ৫৸০ |
| | ধুলিয়ান | ৫৵০ | | ৫৷০ |
| | অরঙ্গাবাদ | ৫৲ | | ৫৷০ |
| ৫৫৬৩ | জঙ্গিপুর | ৪৸০ | | ৪৸৵০ |
| | ধুলিয়ান | ৪৷০ | | |
| | অরঙ্গাবাদ | ৪৷০ | | ৪৷৷০ |
| লাট্টু মার্কা | জঙ্গিপুর | ৪৷৶ | ৩৷৷০ | ৫৲ |
| | অরঙ্গাবাদ | ৩৷৵০ | ৩৷০ | ৩৸৵০ |

স্বদেশী মিলের ধুতি ৮১৮৫ নং ৬ হইতে ৯ গজি মেলে জঙ্গিপুরে ১৸৵০ ও ধুলিয়ানে ১৸০ প্রতি জোড়া গড়পরতা।

বর্ত্তমানে কলিকাতার বাজার দর চড়িবার কিছু পূর্ব্বে ধুলিয়ান ও অরঙ্গাবাদের ব্যবসায়ীগণ উল্লিখিত বাজার দর দিয়াছে।

---

